গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
(জে.এম শাখা)
www.sunamganj.gov.bd

**জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : মো: সাবিরুল ইসলাম
জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।

তারিখ : ১৩/০৮/২০১৭।
সময় : বিকাল ০৩:৩০ ঘটিকা।
স্থান : জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর সম্মেলন কক্ষ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক'**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে জঙ্গি তৎপরতা বৃদ্ধি পাওয়ায় সংশ্লিষ্ট সকলকে সতর্কতার সাথে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করেন। সুনামগঞ্জ জেলায় জঙ্গি তৎপরতা দৃশ্যত না থাকলেও সুনামগঞ্জ সম্পূর্ণভাবে জঙ্গি মুক্ত তা বলা যাচ্ছে না। জঙ্গিদের বিরুদ্ধে দেশের বিভিন্ন স্থানে সাঁড়াশি অভিযান পরিচালনা করায় জঙ্গিরা অপেক্ষাকৃত শান্তিপূর্ণ ও নিরিবিলি স্থানে আশ্রয় নেয়ার সুযোগ খুঁজবে। সুতরাং জঙ্গিরা যাতে কোন অবস্থাতেই এ জেলায় আশ্রয় নিতে না পারে সে দিকে সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা রক্ষকারী বাহিনীকে সতর্ক থাকার জন্য অনুরোধ করেন। সভাপতি বলেন, শুধুমাত্র প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে জঙ্গিদের সম্পূর্ণভাবে নির্মূল করা যাবে না। তিনি এজন্য জঙ্গিদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থার পাশাপাশি নতুনভাবে যাতে লোকজন জঙ্গি কার্যক্রমে জড়িয়ে না পড়ে সে ব্যাপারে মানুষকে সচেতন করার জন্য স্থানীয় নেতৃবৃন্দসহ সকলকে এগিয়ে আসার জন্য অনুরোধ করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র/নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১. | **আলোচনা :** সভাপতি বলেন, জঙ্গিদের বিরুদ্ধে দেশের বিভিন্ন স্থানে সাঁড়াশি অভিযান পরিচালনায় জঙ্গিরা অপেক্ষাকৃত শান্তিপূর্ণ ও নিরিবিলি স্থানে সাঁড়াশি অভিযান করায় জঙ্গিরা অপেক্ষাকৃত শান্ত ও নিরিবিলি স্থানে আশ্রয় নেয়ার সুয়োগ খুঁজবে। সুতরাং জঙ্গিরা যাতে কোন অবস্থাতেই এ জেলায় আশ্রয় নিতে না পারে সে দিকে সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্তক থাকার জন্য অনুরোধ করেন।<br>**সিদ্ধান্ত :** জঙ্গিবাদ সৃষ্টির অপপ্রয়াসে লিপ্ত ব্যক্তিদেরকে চিহ্নিত করে কঠোর হস্তে দমন করায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পুলিশ সুপার, সুনামগঞ্জ।<br>২। কোম্পানী কমান্ডার, র‍্যাব-৯, সুনামগঞ্জ। |
| ০২. | **আলোচনা :** সভাপতি বলেন, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে গঠিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির নিয়মিত সভা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। তিনি এ কমিটিগুলোর সভা নিয়মিতভাবে করার জন্য সংশ্লিষ্ট মেয়র, চেয়ারম্যান ও সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত :** উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে গঠিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। এ ব্যাপারে সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সক্রিয় ভূমিকা রাখার জন্য নির্দেশনা প্রদান কর হয়। | ১. মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ।<br>৩. মেয়র, ছাতক/জগন্নাথপুর/দিরাই, সুনামগঞ্জ।<br>৪. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), সুনামগঞ্জ। |
| ০৩. | **আলোচনা :** উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সুনামগঞ্জ সভায় বলেন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রণীত "সন্ত্রাস ও জঙ্গীবাদ ইসলামে নিষিদ্ধ" শিরোনামের প্রবন্ধটি ফটোকপি করে তা মসজিদভিত্তিক শিক্ষা ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় সকল মসজিদের ইমাম, মসজিদ পাঠাগার লাইব্রেরিয়ান ও অন্যান্য মসজিদের ইমামদেরকে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তিনি আরও বলেন প্রদত্ত প্রবন্ধের আলোকে প্রতি জুম্মার নামাজে ইসলামী জীবনাদর্শ সম্পৃক্ত বিষয়ের উপর বয়ান দেয়ার জন্য সকল ইমামদেরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সভাপতি, এ বিষয়ে জেলার সকল | উপ-পরিচালক,ইসলামিক ফাউন্ডেশন, সুনামগঞ্জ। |

| ক্র/নং | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| | **সিদ্ধান্ত :** ইমামদের প্রশিক্ষণের ব্যবস্থা দ্রুত গ্রহণ করার জন্য উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডশেন, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | |
| ০৪. | **আলোচনা :** জনাব আলী আমজদ, এডভোকেট, সুনামগঞ্জ সভায় বলেন, সরকারের ভাবমূর্তি নষ্ট করার জন্য কিছু মহলের তৎপরতা রয়েছে। তিনি এগুলো কঠোর হস্তে দমন করার জন্য আহ্বান জানান। তিনি আরও বলেন অদ্য কোর্ট কমপ্লেক্সে ঘন্টা দুয়েক আগে সাক্ষী দিতে আসা লোকজন সন্ত্রাসী হামলার স্বীকার হয়েছে। এ বিষয়ে তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি বলেন কোর্ট এর সাক্ষীকে নিরাপত্তা দিতে না পারা খুবই দুঃখজনক। এ বিষয়ে তিনি পুলিশ সুপার, সুনামগঞ্জকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করে।<br>**সিদ্ধান্ত :** কোর্টে সাক্ষীকে নিরাপত্তার প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ সুপার সুনামগঞ্জ। |
| ০৫. | **আলোচনা :** জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল, সুনামগঞ্জ বলেন দৈনিক সুনামগকন্ঠ পত্রিকায় প্রকাশিত খবরে উদ্ধৃতি দিয়ে বলেন, পশ্চিম নতুন পাড়ায় সন্ধ্যায় বখাটেদের নিয়মিত আড্ডাবাজি, মাদকসেবন, চিৎকার এবং হইহুল্লোড় হয়। এলাকার বাসিন্দারা সন্ধ্যা হলেই আতঙ্কগ্রস্থ হয়ে পড়েন। তিনি আরও বলেন, স্কুল-কলেজগামী মেয়েদেরকে বখাটেরা উৎপাত করে। শহরের ০৮ (আট) টি পয়েন্টে বখাটেদের উৎপাত বেশী হয়।<br>**সিদ্ধান্ত :** এ বিষয়ে পুলিশ সুপার, সুনামগঞ্জকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পুলিশ সুপার সুনামগঞ্জ। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা অব্যাহত রাখার আহ্বান জানিয়ে এবং সর্বস্তরের জনগণ, সুশীল সমাজ, বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠনকে এ ব্যাপারে সতর্ক থাকার পাশাপাশি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সাবিরুল ইসলাম)
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি
ফোনঃ ০৮৭১-৬২০০০
E-mail : dcsunamganj@mopa.gov.bd

স্মারক নং : ০৫.০৬.৯০০০.০১৬.০৯.০০৯.১৭. ১৪৬৪(৮০)

তারিখ : ১২ ভাদ্র, ১৪২৩ ব:। / ২৭ আগস্ট, ২০১৭ খ্রি:।

অনুলিপি : সদয় অবগতির জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৬। উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।

৩। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৪। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৫। কোম্পানী কমান্ডার, র‌্যাব-৯, সুনামগঞ্জ।
৬। উপজেলা নির্বাহী অফিসার ..................................., (সকল), সুনামগঞ্জ।
৭। উপজেলা চেয়ারম্যান----------------------------------------, (সকল), সুনামগঞ্জ।
৮। মেয়র, দিরাই/ ছাতক/ জগন্নাথপুর, সুনামগঞ্জ
৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সুনামগঞ্জ।
১০। উপ পরিচালক, এনএসআই, সুনামগঞ্জ।
১১। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সুনামগঞ্জ।
১২। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। কার্যবিবরণীটি জেলার ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ
১৩। চেয়ারম্যান.............................. ইউনিয়ন পরিষদ (সকল)......................... সুনামগঞ্জ।
১৪। জনাব ...........................................................................................................।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
সুনামগঞ্জ।